# Centre for Language, Translation and Cultural Studies

## NETAJI SUBHAS OPEN UNIVERSITY

NAAC A

### Bengal Partition Repository Project (6th Phase)

# বাংলার পার্টিশন সংগ্রহ

# 10th BPR **Project Workshop**

28th March, 2026,
11am to 3pm


আগ্রহীদের জন্য লিঙ্ক
https://forms.gle/GXnQhZQ4o3W-Ju5oB9

বেঙ্গল পার্টিশন রিপোজিটরি জনগবেষণা প্রকল্পটি ২০১৬ সাল থেকে বাংলার পার্টিশন বিষয়ক বিবিধ কথাবার্তা, লেখালিখি ও স্মারক সংগ্রহের কাজ করছে। প্রকল্পটির ষষ্ঠ পর্যায়ের কাজ চলছে। এই পর্বে মূলত মধ্যবঙ্গ ও উত্তরবঙ্গের কয়েকটি জেলার মানুষজনের সঙ্গে আলাপ করেছে এই প্রকল্প। এই পর্বে যে সমীক্ষকরা কাজ করেছেন তাদের অভিজ্ঞতার আদান-প্রদানের জন্য দশম কর্মশালাটি আয়োজিত হচ্ছে। এই মর্মে আরও **১০০টি সাক্ষাৎকার সম্বলিত চতুর্থ ক্যাটালগ প্রস্তুত হয়েছে যা প্রকাশিত হবে**। সীমিত সামর্থ্যে নির্মীয়মাণ ডিজিটাল রিপোজিটরির বিষয়ে মতামত শুনতে আমরা আগ্রহী। কীভাবে জনগবেষণা প্রকরণের রেওয়াজ তৈরি হতে পারে তা নিয়েও কথাবার্তা চলবে। সাক্ষাৎকার গ্রহণ ও উপাদান সংগ্রহের পদ্ধতি-প্রকরণ বিষয়ে আলোচনা হবে। বিভিন্ন বিজাতীয় আন্তর্জাতিক পদ্ধতি-প্রকরণের সীমাবদ্ধতা চিহ্নিতকরণের পথ অনুসন্ধান করা হবে। **আগ্রহী ২০জন অংশগ্রহণ করতে পারবেন এই কর্মশালায়**। অনলাইন ফর্ম পূরণ করলে প্রকল্পের পক্ষ থেকে যোগাযোগ করা হবে। এক্ষেত্রে যোগ্যতামান ২৩ বছর বয়স, সচ্ছল বাংলা লিখতে পারা ও টাইপ করতে জানা। ইংরেজিতে পারঙ্গমতা অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হবে। এই প্রকল্পের জন্য দেশভাগ পরবর্তী মফস্বল ও প্রান্তিক মানুষের স্মৃতি-কথন সংগ্রহের কাজ করার মানসিকতা সম্পন্ন আগ্রহীদের সাদর আমন্ত্রণ জানানো হচ্ছে। নির্বাচিত অংশগ্রহণকারীদের আমন্ত্রণ জানানো হবে। আমন্ত্রণপত্র পেলে কর্মশালায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন-ফি জমা করতে হবে।

প্রকল্প কথন

ড. উত্তমকুমার বিশ্বাস, বাংলা বিভাগ, প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়
ড. প্রতিম দাস, ইংরেজি বিভাগ, গীতম বিশ্ববিদ্যালয় হায়দ্রাবাদ

মননকুমার মন্ডল
প্রকল্প পরিচালক, বেঙ্গল পার্টিশন রিপোজিটরি



Centre for Language, Translation and Cultural Studies
NETAJI SUBHAS OPEN UNIVERSITY


## Bengal Partition Repository Project

Organizes

# 28th Lecture of Partition Lecture Series

# ৪৭-এর দেশভাগ: পরিবেশ ও ভবিষ্যৎ বাঙালির নৈতিক সমস্যা

## সাধন চট্টোপাধ্যায়

কথাসাহিত্যিক

কথামুখ: মননকুমার মণ্ডল

---

বাংলার পার্টিশন সংগ্রহ 10th BPR **Project Workshop**

BPR Interview catalogue (Vol 4)-এর চতুর্থ পর্যায় প্রকাশ

---

২৮ মার্চ, শনিবার, ২০২৬ | বেলা ৩টে

Board Room (3rd Floor) & Seminar Hall (1st Floor)
NSOU City Campus, DD26, Sector 1, Salt Lake City, Kolkata 64

www.cltcsnsou.ac.in

সকলের সাদর আমন্ত্রণ

